**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

## সংবাদ গতিধারা

**ঢাকা, বুধবার ১৭ জুন ২০১৫, ৩ আষাঢ় ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর লন্ডন সফরে গত ১৫ জুন সোমবার লন্ডনের হাউস অব কমন্সে সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখেন, হাউজ অব কমন্সের স্পিকার জন বারকাউ কর্তৃক প্রধানমন্ত্রীকে স্বাগত জানানোসহ আজকের পত্র-পত্রিকায় প্রকাশিত সচিত্র বিশেষ প্রতিবেদন :

১। দারিদ্র্যমুক্ত দেশ গড়াই লক্ষ্য : ব্রিটিশ পার্লামেন্টে প্রধানমন্ত্রী শেখ হাসিনা
২। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে রমজানের শুভেচ্ছা জানালেন ভারতের প্রধানমন্ত্রী
৩। প্রধানমন্ত্রী শেখ হাসিনার লন্ডন সফরের ওপর প্রকাশিত ছবি প্রসঙ্গে
৪। একাত্তরের মানবতাবিরোধী অপরাধে জামায়াতের সেক্রেটারি জেনারেল আলী আহসান মোহাম্মদ মুজাহিদের ফাঁসি বহাল : বিভিন্ন স্থানে বিজিবি মোতায়েন
৫। মানব পাচারের অভিযোগে ৪৯ ওমরাহ হজ এজেন্সিকে কারণ দর্শাও নোটিশ : এসব এজেন্সির মাধ্যমে যাওয়া ১১,৪১৭ জন ফেরেননি
৬। ভূমিকম্পে রাজধানীতে ১২টি ভবন ক্ষতিগ্রস্ত : সংসদে প্রশ্নোত্তরে গৃহায়ণ ও গণপূর্তমন্ত্রী
৭। হিসাবের বাইরে পশুসম্পদ খাতে ১১ হাজার কোটি টাকার বিনিয়োগ : বিবিএসের জরিপ
৮। সব ব্যাংকে কৃষিঋণ বিভাগ গঠনের নির্দেশ
৯। ১৫ রমজান রাত ১০টা পর্যন্ত, পরে ইচ্ছামাফিক দোকান খোলা রাখা যাবে
১০। আজ চাঁদ দেখা গেলে আগামীকাল শুরু পবিত্র মাহে রমজান
১১। তথ্যমন্ত্রী ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসিসহ ২৫ জনকে হত্যার হুমকি
১২। পানিসম্পদ ব্যবস্থাপনায় সহায়তা দেবে বিশ্ব ব্যাংক

চলমান পাতা/২

১। দারিদ্র্যমুক্ত দেশ গড়াই লক্ষ্য : ব্রিটিশ পার্লামেন্টে প্রধানমন্ত্রী শেখ হাসিনা

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, দারিদ্র্যমুক্ত উন্নত-সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলাই তাঁর সরকারের মূল লক্ষ্য। এ লক্ষ্য অর্জনের জন্য প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি। একই সঙ্গে আমরা গণতন্ত্র এবং ধর্মনিরপেক্ষতায় বিশ্বাস করি। আর এর মাধ্যমেই দেশকে এগিয়ে নিতে চাই। তিনি বলেন, বাংলাদেশ প্রতিটি ক্ষেত্রে প্রশংসনীয় সাফল্য অর্জন করছে। বর্তমানে বাংলাদেশে একটি সুষ্ঠু গণতান্ত্রিক পরিবেশ বিরাজ করছে এবং উন্নয়নের দিকে এগিয়ে যাচ্ছে। বাংলাদেশের জনগণের জন্য ব্রিটেন তাদের সহায়তা অব্যাহত রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেন প্রধানমন্ত্রী। যুক্তরাজ্যে ছয় দিনের সফরের চতুর্থ দিন স্থানীয় সময় গত ১৫ জুন সোমবার ব্রিটিশ পার্লামেন্টের কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশনের (সিপিএ) যুক্তরাজ্য শাখার কার্যালয়ে এক সংবর্ধনা অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বক্তৃতা করেন। প্রধানমন্ত্রী পার্লামেন্ট ভবনে পৌঁছালে হাউস অব কমন্সের স্পিকার জন বারকাউ তাঁকে স্বাগত জানান। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৭)।

২। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে রমজানের শুভেচ্ছা জানালেন ভারতের প্রধানমন্ত্রী

পবিত্র রমজানের শুভেচ্ছা জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে টেলিফোন করেছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। লন্ডনে অবস্থানরত প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল ১৬ জুন মঙ্গলবার সকালে এই টেলিফোন পান বলে তাঁর প্রেস সচিব এ কে এম শামীম চৌধুরী জানিয়েছেন। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.১), প্রথম আলো-(পৃ.২, ক.৮), ইত্তেফাক-(পৃ.২, ক.৬), ডেইলি স্টার-(শেষ পৃ., ক.৪), ডেইলি সান-(পৃ.১, ক.১)।

৩। প্রধানমন্ত্রী শেখ হাসিনার লন্ডন সফরের ওপর প্রকাশিত ছবি প্রসঙ্গে

লন্ডনের হাউস অব কমন্সে গত ১৫ জুন সোমবার প্রথমবারের মতো নির্বাচিত আইন প্রণেতাদের সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা-এ বিষয়ে ছবি ছেপেছে : সংবাদ-শেষ পৃ., ক.১, ইনকিলাব-শেষ পৃ., ক.৫, আমাদের সময়-শেষ পৃ., ক.১, যুগান্তর-পৃ.২, ক.২, মানবকণ্ঠ-শেষ পৃ., ক.১, ডেইলি অবজারভার-পৃ.১, ক.১, ফিনানশিয়াল এক্সপ্রেস-পৃ.২, ক.৪, নিউজ টুডে-পৃ.১, ক.৫, বাংলাদেশ টুডে-শেষ পৃ., ক.১।

লন্ডনে ব্রিটিশ পার্লামেন্টের কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশন, যুক্তরাজ্য শাখার কার্যালয়ে গত ১৫ জুন সোমবার আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে হাউজ অব কমন্সের স্পিকার জন বারকাউ প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে স্বাগত জানান-এ বিষয়ে ছবি ছেপেছে : ইত্তেফাক-পৃ.১, ক.৫, প্রথম আলো-পৃ.২, ক.৫, জনকণ্ঠ-পৃ.১, ক.২, নয়াদিগন্ত- শেষ পৃ., ক.৬, ইন্ডিপেনডেন্ট-পৃ.২, ক.২, ডেইলি স্টার-পৃ.২, ক.১।

ব্রিটিশ পার্লামেন্টের কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশনের কক্ষে গত ১৫ জুন সোমবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে টিউলিপসহ অন্যরা-এ বিষয়ে ছবি ছেপেছে : যায়যায়দিন-শেষ পৃ., ক.৬, সমকাল-পৃ.২, ক.২, ভোরের কাগজ-শেষ পৃ., ক.৫, নিউ এজ-শেষ পৃ., ক.২।

৪। একাত্তরের মানবতাবিরোধী অপরাধে জামায়াতের সেক্রেটারি জেনারেল আলী আহসান মোহাম্মদ মুজাহিদের ফাঁসি বহাল : বিভিন্ন স্থানে বিজিবি মোতায়েন

১৯৭১ সালে বুদ্ধিজীবী হত্যার উস্কানিদাতা ও পরিকল্পনাকারী হিসেবে দোষী সাব্যস্ত করে দেশের সর্বোচ্চ আদালত সুপ্রিম কোর্টের আপিল বিভাগ জামায়াত নেতা আলী আহসান মোহাম্মদ মুজাহিদের ফাঁসির আদেশ বহাল রেখেছে। গতকাল ১৬ জুন মঙ্গলবার প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার নেতৃত্বাধীন আপিল বিভাগের চার বিচারপতির বেঞ্চ এই রায় ঘোষণা করেন। সূত্র-ইত্তেফাক, প্রথম আলো, সংবাদ, জনকণ্ঠ, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সানসহ অধিকাংশ দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

মুজাহিদের ফাঁসির রায়ের প্রতিবাদে জামায়াতের ডাকা হরতালের আগের দিনে নিরাপত্তা জোরদার করতে রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) মোতায়েন করা হয়েছে। একাত্তরের মানবতাবিরোধী অপরাধে জামায়াতের সেক্রেটারি জোনারেল আলী আহসান মোহাম্মদ মুজাহিদের মৃত্যুদণ্ডের রায়ের প্রতিবাদে দেশব্যাপী ২৪ ঘণ্টা হরতালের ডাক দেয় জামায়াত। আজ ১৭ জুন বুধবার সকাল ৬টা থেকে বৃহস্পতিবার সকাল ৬টা পর্যন্ত এ হরতাল করবে দলটি। সূত্র-যায়যায়দিন (শেষ পৃ.,ক.৫), প্রথম আলো (পৃ.১,ক.২), যুগান্তর (পৃ.১,ক.২), ডেইলি সান (শেষ পৃ.,ক.১), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৪)।

৫। মানব পাচারের অভিযোগে ৪৯ ওমরাহ হজ এজেন্সিকে কারণ দর্শাও নোটিশ

: এসব এজেন্সির মাধ্যমে যাওয়া ১১,৪১৭ জন ফেরেননি

ওমরাহ ভিসায় মানব পাচারের অভিযোগে ৪৯টি ওমরাহ হজ এজেন্সিকে কারণ দর্শানোর (শোকজ) নোটিশ দেওয়া হয়েছে। এসব এজেন্সির মাধ্যমে পবিত্র ওমরাহ হজ পালনের জন্য ভিসা নিয়ে সৌদি আরবে গিয়ে ১১ হাজার ৪১৭ ব্যক্তি দেশে ফেরেননি বলে অভিযোগ রয়েছে। ধর্ম মন্ত্রণালয়ের সূত্র জানায়, মানব পাচারের অভিযোগ প্রমাণিত হলে এসব প্রতিষ্ঠানের ওমরাহ হজ লাইসেন্স বাতিলসহ এগুলোর বিরুদ্ধে মানব পাচার প্রতিরোধ ও দমন আইন, ২০১২ এবং ওমরাহ নীতি, ২০১৪ অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। নোটিশের জবাব পাওয়ার পর পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে। প্রথম আলো এ বিষয়ে বিস্তারিত খবর ছেপেছে।

৬। ভূমিকম্পে রাজধানীতে ১২টি ভবন ক্ষতিগ্রস্ত : সংসদে প্রশ্নোত্তরে গৃহায়ণ ও গণপূর্তমন্ত্রী

সাম্প্রতিক ভূমিকম্পে রাজধানীতে ১২টি ভবন ক্ষতিগ্রস্ত হয়েছে বলে জানিয়েছেন গৃহায়ণ ও গণপূর্তমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন। গতকাল ১৬ জুন মঙ্গলবার সংসদে এক প্রশ্নের জবাবে তিনি এ তথ্য জানান। এক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের (রাজউক) প্রাথমিক তদন্ত করে এসব ভবন ক্ষতিগ্রস্ত হিসেবে চিহ্নিত করা হয়েছে এবং অপসারণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বুয়েটের পরামর্শ মোতাবেক ভবন মালিকদের সম্পূর্ণ বা ভবনের অংশ বিশেষ অপসারণের নির্দেশনা দেওয়া হয়েছে। সূত্র-ইনকিলাব (শেষ পৃ.,ক.৮), প্রথম আলো -(পৃ.৩, ক.৫), ইত্তেফাক-(পৃ.৩, ক.২)।

৭। হিসাবের বাইরে পশুসম্পদ খাতে ১১ হাজার কোটি টাকার বিনিয়োগ : বিবিএসের জরিপ

দেশে মোট বিনিয়োগের মধ্যে ১০ হাজার ৭৭৩ কোটি টাকা জাতীয় হিসাবের বাইরে রয়েছে। পশুসম্পদ খাতের এ পরিমাণ বিনিয়োগ হিসাবের সঙ্গে যোগ হয় না। গরু, মহিষ, ছাগল ও ভেড়া লালন-পালন এবং রক্ষণাবেক্ষণে এ পরিমাণ অর্থ বিনিয়োগ করা হয়ে থাকে। এর মধ্যে বাড়িতে লালন-পালনে ১০ হাজার ৪৩৭ কোটি টাকা আর খামারে লালন-পালনে ৩৩৫ কোটি টাকা বিনিয়োগ হয়। এত দিন এ সংক্রান্ত কোনো জরিপ না থাকায় এ বিনিয়োগ হিসাবের বাইরে ছিল বলে জানিয়েছে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)। সূত্র-সমকাল (পৃ.১৪,ক.২), প্রথম আলো-(পৃ.১৩, ক.২), যুগান্তর-(পৃ.১৫, ক.২)।

৮। সব ব্যাংকে কৃষিঋণ বিভাগ গঠনের নির্দেশ

ঋণ বিতরণ বাড়াতে বিদেশিসহ সব ব্যাংকে আলাদা কৃষি ঋণ বিভাগ বা সেল গঠনের নির্দেশ দিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। ব্যাংকগুলোর প্রতিটি শাখায় অন্তত একজন কর্মকর্তাকে কৃষি ঋণ সংশ্লিষ্ট কাজের জন্য সুনির্দিষ্টভাবে দায়িত্ব দিতে হবে। আগামী ২০ জুলাইয়ের মধ্যে এ নির্দেশনা কার্যকর করে কেন্দ্রীয় ব্যাংককে জানাতে বলা হয়েছে। গতকাল ১৬ জুন মঙ্গলবার এ সংক্রান্ত সার্কুলার ব্যাংকগুলোতে পাঠানো হয়। সূত্র-সমকাল (পৃ.১৪,ক.১), প্রথম আলো-(পৃ.১৩, ক.২)।

৯। ১৫ রমজান রাত ১০টা পর্যন্ত, পরে ইচ্ছামাফিক দোকান খোলা রাখা যাবে

পবিত্র রমজান মাসের প্রথম থেকে ১৫ রমজান পর্যন্ত রাত ১০টা এবং ১৫ রমজানের পর থেকে ইচ্ছামাফিক দোকান খোলা রাখতে পারবেন ব্যবসায়ীরা। দোকান মালিক সমিতির দাবির প্রেক্ষিতে সরকার গতকাল ১৬ জুন মঙ্গলবার এ বিষয়ে সম্মতি দিয়েছে। তবে কোনভাবেই যাতে শ্রম আইন লঙ্ঘন না হয় সে বিষয়ে সতর্ক থাকারও আহ্বান জানানো হয়েছে। গতকাল ১৬ জুন মঙ্গলবার জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধিদের সঙ্গে ব্যবসায়ী নেতাদের এক যৌথ বৈঠক অনুষ্ঠিত হয়। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৪), যুগান্তর-(পৃ.১, ক.১), ইনকিলাব-(পৃ.১, ক.১), নিউ নেশন-(শেষ পৃ., ক.১)।

১০। আজ চাঁদ দেখা গেলে আগামীকাল শুরু পবিত্র মাহে রমজান

আজ ১৭ জুন বুধবার চাঁদ দেখা গেলে আগামীকাল ১৮ জুন বৃহস্পতিবার থেকে শুরু হবে পবিত্র মাহে রমজান। আর চাঁদ দেখা না গেলে শুক্রবার থেকে শুরু হবে সিয়াম সাধনার মাস মাহে রমজান। এদিকে পবিত্র রমজান মাসের চাঁদ দেখার সংবাদ পর্যালোচনা করতে আজ ১৭ জুন বুধবার সন্ধ্যায় বসছে জাতীয় চাঁদ দেখা কমিটির সভা। ইসলামিক ফাউন্ডেশনের বায়তুল মোকাররম সভাকক্ষে সন্ধ্যা সাড়ে ৭টার দিকে এ সভার আয়োজন করা হয়েছে। সভায় ধর্মমন্ত্রী ও জাতীয় চাঁদ দেখা কমিটির সভাপতিসহ কমিটির সদস্যরা উপস্থিত থাকবেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.১)।

১১। তথ্যমন্ত্রী ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসিসহ ২৫ জনকে হত্যার হুমকি

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ও বিশিষ্ট লেখক ও শিক্ষাবিদ জাফর ইকবালসহ দেশের ২৫ জন বুদ্ধিজীবী, শিক্ষক, সংস্কৃতি ব্যক্তিত্ব, মুক্তিযোদ্ধা, গণমাধ্যম ব্যক্তিত্ব, ছাত্রনেতা ও ব্লগারকে হত্যার হুমকি দিয়েছে আনসারুল্লাহ বাংলা-১৩ নামের একটি সংগঠন। গতকাল ১৬ জুন মঙ্গলবার এই জঙ্গি সংগঠন তাদের প্যাডে লিখিত হুমকি বার্তাটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের অফিসে পাঠিয়েছে। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৪), জনকণ্ঠ-(পৃ.১, ক.২), ইনকিলাব-(পৃ.১, ক.২), ডেইলি স্টার-(শেষ পৃ., ক.২), ইন্ডিপেনডেন্ট-(শেষ পৃ., ক.১)।

১২। পানিসম্পদ ব্যবস্থাপনায় সহায়তা দেবে বিশ্ব ব্যাংক

পানি সম্পদ ব্যবস্থাপনায় নেওয়া শতবছরের পরিকল্পনা 'ডেল্টা প্ল্যান' বাস্তবায়নে আর্থিক ও কারিগরি সহায়তা দেবে বিশ্ব ব্যাংক। নেদারল্যান্ডস সরকারের সহায়তায় প্রণীত ডেল্টা প্ল্যান ২১০০ শীর্ষক পরিকল্পনা বাস্তবায়নে কাজ করবে বিশ্ব ব্যাংকের দুই সহযোগী প্রতিষ্ঠান। এ বিষয়ে বাংলাদেশ সরকার, নেদারল্যান্ডস, বিশ্ব ব্যাংক, এর অঙ্গসংস্থা ইন্টারন্যাশনাল ফাইন্যান্স কর্পোরেশন (আইএফসি) ও ২০৩০ ওয়াটার রিসোর্সেস গ্রুপের মধ্যে গতকাল ১৬ জুন মঙ্গলবার একটি চুক্তি স্বাক্ষর হয়েছে। সূত্র-ইত্তেফাক (পৃ.১৯, ক.১), জনকণ্ঠ-(শেষ পৃ., ক.৪), সমকাল-(পৃ.২, ক.২), ফিনানশিয়াল এক্সপ্রেস-(শেষ পৃ., ক.৬), নিউজ টুডে-(পৃ.৩, ক.৪)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, যুগান্তর, ডেইলি অবজারভার : যুদ্ধাপরাধের দায়ে আলী আহসান মোহাম্মদ মুজাহিদের মৃত্যুদণ্ড সর্বোচ্চ আদালতে বহাল রাখায় সন্তুষ্টি প্রকাশ করে এর প্রতিবাদে জামায়াতে ইসলামীর ডাকা হরতাল অগণতান্ত্রিক ও অযৌক্তিক বলে মত প্রকাশ;

খ. ইত্তেফাক : ক্ষমতাসীন দলের নেতাকর্মীদের অসহিষ্ণু আচরণে সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ন হচ্ছে এক সমাবেশে পুলিশের মহাপরিদর্শকের এ মন্তব্য আমলে নিয়ে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ প্রত্যাশা;

গ. জনকণ্ঠ : মানবপাচার রোধ করতে সর্বাগ্রে দরকার মিয়ানমারের রোহিঙ্গা নিপীড়ন ও দেশত্যাগ বন্ধ করা এব্যাপারে বাংলাদেশসহ বিশ্ববাসীকে এগিয়ে আসার আহ্বান;

ঘ. সংবাদ : এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ মেধাবী শিক্ষার্থীদের কলেজে ভর্তির ক্ষেত্রে কিছু প্রতিষ্ঠানের অনলাইনে প্রতারণা করার বিষয়টি তদন্ত সাপেক্ষে যথাযথ ও কার্যকর ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

ঙ. সমকাল : কক্সবাজার থেকে সুন্দরবন পর্যন্ত গোটা উপকূলীয় মৎস্য আহরণ প্রক্রিয়া বিভিন্ন জলদস্যু ও বনদস্যু বাহিনীর হাতে জিম্মি হয়ে পড়ার খবর উদ্বেগজনক উল্লেখ করে সম্মিলিত প্রচেষ্টায় উপকূলে নৈরাজ্যকর পরিস্থিতি নিয়ন্ত্রণের ওপর গুরুত্বারোপ;

চ. নিউ নেশন, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট : ভুটানের রাজধানী থিম্পুতে বালাদেশ, ভারত, নেপাল ও ভুটানের মধ্যে যান চলাচল চুক্তি সই হওয়াকে স্বাগত;

ছ. নিউ এজ : দেশের বন্যাকবলিত এলাকায় মানুষের জন্য ত্রাণ সামগ্রী  বিতরণ ও পুনর্বাসনের ব্যবস্থা করতে সরকারের সাথে সাথে সবাইকে এগিয়ে আসার আহ্বান;

জ. ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট : নারীর প্রতি শারীরিক লাঞ্ছনাকারীদের কঠোর শাস্তির দাবি জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

জনকণ্ঠ পত্রিকায় প্রকাশিত কলামে ভূ-রাজনৈতিক বাস্তবতায় বাংলাদেশ ও ভারতের মানুষের ভাগ্য একসাথে জড়িত, তাই উদার গণতান্ত্রিক, ধর্মনিরপেক্ষ বাংলাদেশ ভারতের নিরাপত্তার জন্য অপরিহার্য বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত ‘কৃষিতে বাংলাদেশের সাফল্য’ শিরোনামের নিবন্ধে ড. মো. সেকেন্দার আলী বাংলাদেশের কৃষি উন্নয়নে যে সাফল্য  তা দক্ষ ও যোগ্য কৃষিবিদ এবং দেশের কৃষকদের অক্লান্ত পরিশ্রমের ফলে অর্জিত হয়েছে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা